গাংনীতে জাকির হোসেনের রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

গাংনী শিক্ষা পরিবারের উদ্যোগে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের কেন্দ্রীয় মহাসচিব জাকির হোসেনের রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার মাগরিবের নামাজের পর গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সেমিনার কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মাধ্যমিক শিক্ষক-কর্মচারী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক ও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলুর সভাপতিত্বে এবং কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবু সায়েম পল্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের গাংনী উপজেলা শাখার আহ্বায়ক ও গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী মহিলা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আমিরুল ইসলাম, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জিনারুল ইসলাম, শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মেহেরপুর জেলা সাধারণ সম্পাদক আল হেলাল, ডিজিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কবি রফিকুল ইসলাম, গাংনী উপজেলা শিক্ষক সমিতির আহ্বায়ক জামাল হোসেন এবং শিক্ষাবার্তা ডটকম-এর সাব-এডিটর রফিকুল আলম বকুল। এছাড়াও গাংনী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষক ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, মেহেরপুর জেলার সন্তান এবং বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের কেন্দ্রীয় মহাসচিব জাকির হোসেন বর্তমানে অসুস্থ অবস্থায় রাজধানীর পিজি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। শিক্ষক-কর্মচারীদের ন্যায্য দাবি ও অধিকার আদায়ে তিনি দীর্ঘদিন ধরে সোচ্চার ভূমিকা পালন করে আসছেন। এ কারণে অতীতে

তিনি নানা নির্যাতন ও হয়রানিরও শিকার হয়েছেন।

বক্তারা আরও বলেন, জাকির হোসেন শুধু শিক্ষক সমাজেরই নয়, মেহেরপুর জেলারও গর্ব। তাঁর দ্রুত রোগমুক্তি কামনায় মহান আল্লাহর কাছে সবাইকে দোয়া করার আহ্বান জানান তারা। এ সময় তাঁর কর্মময় জীবনের বিভিন্ন দিক নিয়েও আলোচনা করা হয়।

আলোচনা সভা শেষে জাকির হোসেনের রোগমুক্তি কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। মোনাজাত পরিচালনা করেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মাওলানা এনামুল ইসলাম।

আলমডাঙ্গায় খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

আলমডাঙ্গা উপজেলা বিএনপির উদ্যোগে বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামণায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৪টার দিকে উপজেলার বেলগাছি মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ সভা অনুষ্ঠিত হয়। দোয়া অনুষ্ঠানে দলে দলে নেতা নেতাকর্মীদের যোগদানের মধ্য দিয়ে এক জনসভায় রুপ নেয়।

দোয়া ও আলোচনা সভায় বেলগাছি ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি ঝন্টু মালিতার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা সাবেক সভাপতি সহিদুল কাউনাইন টিলু।

প্রধান অতিথির বক্তব্যে কাউনাইন টিলু বলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে যেসকল ভায়েরা জিবন দিয়েছে তাদের আত্নার মাগফিরাত কামণা করছি। এসময় তিনি আরও বলেন, স্বৈরাচার এরশাদ সরকার পতনের পর নির্বাচনের জনগণ বেছে নেন দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে। রাজপথ হয়ে বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রীর গৌরবে অভিষিক্ত হন বেগম খালেদা জিয়া।

তিনবার সর্বাধিক ভোটে নির্বাচিত প্রধানমন্ত্রীও হয়েছেন তিনি।

ঝিনাইদহ-১ আসনের এমপি আব্দুল হাইয়ের রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, ঝিনাইদহ-১ আসনের বার বার নির্বাচিত সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই’র রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে ঝিনাইদহ জেলা মুক্তিযোদ্ধা সংসদের কার্যালয়ে এ দোয়ার আয়োজন করে জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন। সেসময় বীর মুক্তিযোদ্ধা এম এ সামাদ, ছিদ্দিক আহমেদ, মছির উদ্দিন, জিল্লুর রহমান তাতার, গোলাম মোস্তফা লোটনসহ অন্যান্য মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই বর্তমানে থাইল্যান্ডের রাজধানী ব্যাংকরের বামরুনগ্রাদ আন্তর্জাতিক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। নিউমোনিয়া ও লিবারের সমস্যায় তিনি ঢাকার ল্যাব এইড হাসপাতালের সিসিইউতে ভর্তি ছিলেন। রোববার সকালে এয়ার এ্যাম্বুলেন্সে উন্নত চিকিৎসার জন্য তাকে থাইল্যান্ডে নেওয়া হয়েছে। হাসপাতালে ভর্তির পর তার শারিরীক অবস্থার কিছুটা উন্নতি হয়েছে বলে জানা গেছে।

আলমডাঙ্গায় দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

আলমডাঙ্গায় উপজেলা বিএনপির উদ্দ্যোগে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার ১৬ আগস্ট আনন্দধাম রোডের পুরাতন জামে মসজিদে